



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট
কোটবাড়ী, কুমিল্লা।



ওয়েব সাইট- www.cumillapoly.gov.bd
ই-মেইল- comillapoly65054@yahoo.com ফোন-081-76077

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ৫৭.০৩.১৯৩৩.৩০১.৩১.০৯৬.২১

তারিখ : ১৪ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ।
২৭ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

এতদ্বারা অত্র ইনস্টিটিউটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানের প্রশাসনিক কাম একাডেমিক কাউন্সিলের ২২/০৪/২০২১ খ্রিঃ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটে চলমান “কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষক কর্মচারী পরিবার” নামে ম্যাসেঞ্জার গ্রুপে সংযুক্ত সকলকে ইনস্টিটিউটের প্রশাসনিক কাম একাডেমিক বিভিন্ন কার্যক্রম এর বিষয়ে তড়িৎ অবহিত করা এবং প্রয়োজনীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য জনাব আবদুল ওয়াদুদ, ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান (কম্পিউটার) এর তত্ত্বাবধানে চালু করা হয়েছে বিধায় উক্ত গ্রুপে ব্যক্তিগত কোন পোষ্ট ব্যবহার না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এছাড়াও কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের নাম ব্যবহার করে অন্য কোন ম্যাসেঞ্জার গ্রুপ/ফেইসবুক পেইজ/ফেইসবুক গ্রুপ চালু থাকলে অবিলম্বে তা বন্ধ করার নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, উক্ত নামে ম্যাসেঞ্জার গ্রুপ/ফেইসবুক পেইজ/ফেইসবুক গ্রুপ এর সাথে কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট কর্তৃপক্ষের কোন সংশ্লিষ্টতা নেই বিধায় ম্যাসেঞ্জার গ্রুপ/ফেইসবুক পেইজ/ফেইসবুক গ্রুপ সমূহে পোষ্ট/মন্তব্য/শেয়ার/লাইক দেয়া এর দায়ভার কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট কর্তৃপক্ষ গ্রহণ করবে না।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)

অধ্যক্ষ
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট
কোটবাড়ী, কুমিল্লা।

স্মারক নং- ৫৭.০৩.১৯৩৩.৩০১.৩১.০৯৬.২১- ৯৮২(১৪),

তারিখ : ১৪ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ।
২৭ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইডব্লিউ/পিআইইউ/আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, কুমিল্লা।
৪. পুলিশ সুপার, কুমিল্লা।
৫. উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
৬. সহকারী পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা, কুমিল্লা।
৮. জেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা।
৯. চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান : সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/পাওয়ার/ইলেকট্রনিক্স/কম্পিউটার/নন-টেক, অত্র ইনস্টিটিউট।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা।
১১. জনাব
১২. সভাপতি/সাধারণ সম্পাদক : বাপশিস/বাপশিপ/বাকাশিঅকস, অত্র ইনস্টিটিউট।
১৩. শাখা প্রধান : সংস্থাপন/হিসাব/একাডেমিক/স্টোর/লাইব্রেরী/নিরাপত্তা, অত্র ইনস্টিটিউট।
১৪. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)

অধ্যক্ষ

কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট
কোটবাড়ী, কুমিল্লা।